"আমাদের লক্ষ্য
অবৈধ সংযোগ মুক্ত গ্যাস বিতরণ"
"জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার"

# কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)
প্রধান কার্যালয় : ১৩৭/এ, সিডিএ এভিনিউ, ষোলশহর, চট্টগ্রাম।

বিষয়: কেজিডিসিএল-এর ২০২১-২০২২ অর্থবছরে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ ফিরোজ খান<br>মহাব্যবস্থাপক (প্রশাসন)/কোম্পানি সচিব (অ.দা.) ও আহ্বায়ক, নৈতিকতা কমিটি। |
| তারিখ | : ০১-০৬-২০২২ |
| স্থান | : প্রধান কার্যালয়, কেজিডিসিএল, চট্টগ্রাম। |
| উপস্থিত সদস্য | : পরিশিষ্ট-ক |

১.০ **আলোচনা :**

মহাব্যবস্থাপক (প্রশাসন)/কোম্পানি সচিব (অ.দা.) ও নৈতিকতা কমিটির আহ্বায়ক জনাব মোঃ ফিরোজ খান এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়।

১.১ সভার শুরুতে কোম্পানির জাতীয় শুদ্ধাচার কৌশল এর ২০২১-২০২২ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী লক্ষ্যমাত্রা নির্ধারিত কার্যক্রমসমূহের বিষয়ে আলোচনা হয়। সভায় চলমান অর্থবছরে ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ ২০২২) এর কার্যক্রমসমূহ পর্যালোচনা করা হয় এবং কোম্পানির সকল ডিভিশন/ডিপার্টমেন্ট/প্রকল্প/ফোকাল পয়েন্ট হতে প্রাপ্ত বাস্তবায়নের প্রতিবেদনের আলোকে যথাসময়ে ৩য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পেট্রোবাংলায় প্রেরণ ও কোম্পানির ওয়েবসাইটে আপলোড করা হয় মর্মে জানানো হয়। অতঃপর ৩য় কোয়ার্টারের প্রকৃত অর্জনের ভিত্তিতে ত্রৈমাসিক মূল্যায়নে কার্যক্রমসমূহ লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন সম্পন্ন হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

১.২ জাতীয় শুদ্ধাচার কৌশল এর ২০২১-২০২২ অর্থবছরের জন্য প্রণীত কর্মপরিকল্পনার চলমান কোয়ার্টার (এপ্রিল-জুন ২০২২) যথাযথভাবে বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করা হয়। সভায় জানানো হয় যে, এ লক্ষ্যে আগামী ২০ জুন ২০২২ তারিখের মধ্যে চলমান কোয়ার্টারের কার্যক্রমসমূহ উল্লেখপূর্বক তা লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন পরবর্তী সংশ্লিষ্ট প্রমাণকসহ নৈতিকতা কমিটি/NIS ফোকাল পয়েন্ট বরাবর প্রেরণ করার জন্য কোম্পানির সকল ডিভিশন/ডিপার্টমেন্ট/প্রকল্প/ফোকাল পয়েন্ট-কে অনুরোধ করা হয়েছে।

২.০ **সিদ্ধান্ত :**

২.১ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল-জুন ২০২২) সকল কার্যক্রম বাস্তবায়ন করা হবে এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সংশ্লিষ্ট প্রমাণকসহ নৈতিকতা কমিটি/NIS ফোকাল পয়েন্ট বরাবর কোম্পানির সকল ডিভিশন/ডিপার্টমেন্ট/প্রকল্প/ফোকাল পয়েন্ট কর্তৃক প্রেরণ করবে।

২.২ জাতীয় শুদ্ধাচার কৌশল এর ২০২১-২০২২ এর কর্মপরিকল্পনা অনুযায়ী ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল-জুন ২০২২) বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ডিভিশন/ডিপার্টমেন্ট/প্রকল্প/ফোকাল পয়েন্ট কর্তৃক নিম্নোক্ত কার্যক্রমসমূহ সময়াবদ্ধভাবে সম্পন্ন করা হবে :

- নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত ১০০% বাস্তবায়ন।
  বাস্তবায়নে : সকল ডিভিশন/ডিপার্টমেন্ট/প্রকল্প/ফোকাল পয়েন্ট।
- সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ১টি সভার আয়োজন (সম্ভাব্য তারিখ ১৩ জুন ২০২২)।
  বাস্তবায়নে : বিপণন উত্তর ও দক্ষিণ ডিভিশন।
- শুদ্ধাচার সংক্রান্তে ২৫ জনের প্রশিক্ষণ আয়োজন।
  বাস্তবায়নে : প্রশাসন ও সংস্থাপন ডিপার্টমেন্ট।
- কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্তে টয়লেট ব্যবস্থাপনা উন্নিতকরণ।
  বাস্তবায়নে : কমন সার্ভিসেস ডিপার্টমেন্ট।
- বিদ্যুৎ ও পানি সাশ্রয়ী কার্যক্রম গ্রহণ করা এবং পানি সাশ্রয়ের জন্য সরবরাহ লাইনের লিকেজ শনাক্ত করে মেরামত করা।
  বাস্তবায়নে : কমন সার্ভিসেস এবং পিএলসিসি ডিপার্টমেন্ট।
- শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল ও ওয়েবসাইটে আপলোডকরণ।
  বাস্তবায়নে : সকল ডিভিশন/ডিপার্টমেন্ট/প্রকল্প/ফোকাল পয়েন্ট।
- শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ।
  বাস্তবায়নে : প্রশাসন ও আইটি ডিপার্টমেন্ট।।
- জিএম/ডিজিএম কর্তৃক ৬টি শিল্প-কারখান পরিদর্শন ও পরিদর্শনে প্রাপ্ত সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ।
  বাস্তবায়নে : বিপণন উত্তর ও দক্ষিণ ডিভিশনের আওতাধীন বিক্রয় ডিপার্টমেন্টসমূহ।
- অফিস/স্থাপনা পরিদর্শন ও পরিদর্শনে প্রাপ্ত সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ।
  বাস্তবায়নে : প্রশাসন ডিপার্টমেন্ট।
- শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ক প্রচার প্রচারণার লক্ষ্যে ৫০০ কপি লিফলেট/স্টিকার প্রস্তুত ও বিতরণ।
  বাস্তবায়নে : কমন সার্ভিসেস ডিপার্টমেন্ট।
- ন্যূনতম ৫টি ইভিসি মিটার স্থাপন।
  বাস্তবায়নে : বিক্রয় উত্তর ১ ও ২ এবং বিক্রয় দক্ষিণ ১ ও ২ ডিপার্টমেন্ট।
- অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণ কার্যক্রম অব্যাহত রাখা।
  বাস্তবায়নে : ভিজিল্যান্স ডিপার্টমেন্ট।
- প্রকল্পসমূহের কার্যক্রম সময়াবদ্ধভাবে বাস্তবায়ন।
  বাস্তবায়নে : সকল প্রকল্প পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা।

সভায় আর কোন আলোচনা না থাকায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/০৬/২০২২

(মোঃ ফিরোজ খান)
মহাব্যবস্থাপক (প্রশাসন)/কোম্পানি সচিব (অ.দা.)
ও
আহ্বায়ক, নৈতিকতা কমিটি

"আমাদের লক্ষ্য
অবৈধ সংযোগ মুক্ত গ্যাস বিতরণ"

"জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার"

# কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

০১-০৬-২০২২ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় অনুষ্ঠিত

## নৈতিকতা কমিটির সভার হাজিরা বিবরণী

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | মোঃ ফিরোজ খান | উপমহাব্যবস্থাপক (প্রশাসন) | [signature] 01/06/2022 |
| ২. | প্রকৌ: মো: সারওয়ার হোসেন | DM (ES) | [signature] 1.6.2022 |
| ৩. | প্রকৌ: সৌমেন্দ্র কুন্ডু | ব্যবস্থাপক (পরি: ও উন্নয়ন) | [signature] 01/06/22 |
| ৪. | মোঃ আমিনুল হাসান | ব্যবস্থাপক (প্ল্যানিং-ডিজাইন) | [signature] 01/6/22 |
| ৫. | মো: আতিকুর রহমান | মহাব্যবস্থাপক (বিপণন) | [signature] 01/6/2022 |
| ৬. | প্রকৌ: রফিক উদ্দিন আহমেদ | GM (IT & PPM) | [signature] 01/6/22 |
| ৭. | মিজ মেরী রানী সুশীলা | উপ-মহাব্যবস্থাপক (জনসং: বোর্ড ও সমন্বয়) | [signature] 01/06/22 |
| ৮. | জাহিদুল আহমদ খান | ব্যবস্থাপক (বি: ডি) | [signature] 1/6/22 |
| ৯. | | | |
| ১০. | | | |